## জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়,ঢাকা এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity strategy) এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়,ঢাকায় গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের তৃতীয় প্রান্তিকের সভা মহাব্যবস্থাপক জনাব মোঃ আঃ রহিম এর সভাপতিত্বে ০৪/০৪/২০২১ খ্রীস্টাব্দ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ-

(ক) জনাব মোঃ আঃ রহিম, মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়,ঢাকা, সভাপতি।
(খ) জনাব শেখ আলাউদ্দিন, উপ মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়,ঢাকা, সদস্য।
(গ) জনাব রীনা রানী সরকার, উর্ধতন মুখ্য কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়,ঢাকা, সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
(ঘ) জনাব আফরোজা ইসলাম শিমুল, উর্ধতন মুখ্য কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়,ঢাকা, সদস্য।

০২। কর্মক্ষেত্র, ব্যক্তিগত ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শূরু করেন।তিনি বলেন যে, কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার /উন্নয়নের অন্যতম শর্ত। তবে এর নেতিবাচক প্রয়োগ কখনই কল্যাণ বয়ে আনতে পারে না। তাই, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা নিয়মানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। বর্তমানে ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহন অতীব জরুরী বলে সভায় সকলে একমত পোষণ করেন। বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও নিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার চর্চা করবেন,পাশাপাশি অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করবেন।
(খ) ব্যাংকের গ্রাহক সেবার ( Citizen charter) মান উন্নত ও যুগোপযোগী করতে হবে।
(গ) সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরনে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে পরিপালনে সকলকে সচেষ্ট থাকতে হবে।
(ঘ) আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত অনিয়ম দূরীকরনার্থে যথাযথ ব্যবস্থা গ্রহন করতে হবে।
(ঙ) ব্যাংকের কর্মপরিবেশ সুশৃঙ্খল রাখতে কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হবেন, COVID-19 মোকাবেলায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলবেন।
(চ) BKB Code of conduct ও বিকেবি কর্মচারী আচরণ বিধি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীকে সদাসচেষ্ট হতে হবে।
(ছ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কার্যালয়ের সকলের সাথে যোগাযোগ রক্ষা করবেন।

সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৪.২০২১
( আফরোজা ইসলাম শিমুল)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা
ও
সদস্য

(রীনা রানী সরকার) 05.04.2021
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

(শেখ আলাউদ্দিন) 5/4/21
উপ মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা
ও
সদস্য

০৫/০৪/২০২১
( মোঃ আঃ রহিম )
মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা
ও
সভাপতি

বিকেবি/বিকা(ঢাকা)/প্রশা-০৪(৪)/২০২০-২০২১/৪৩৮৬(২)

তারিখঃ ০৫.০৪.২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। উপ মহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,বিকেবি প্রধান কার্যালয়,ঢাকা (বিকেবির ওয়েবসাইটের NIS Tab এ তথ্য আপলোডকরণের মাধ্যমে)।
০২। নথি।